দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ..26. JAN 1989 ... ...
পৃষ্ঠা... .. .....8কলাম..6... ...

৮

# জয়পুরহাট মহিলা কলেজ অধ্যক্ষার ওপর রুল জারী

(সুপ্রীম কোর্ট রিপোর্টার)

বিচারপতি জনাব আবদুল মতিন খান চৌধুরী ও জনাব নাইমুদ্দীন আহমদের সমন্বয়ে গঠিত সুপ্রীম কোর্টের ঢাকা হাইকোর্ট ডিভিসন জয়পুরহাট মহিলা কলেজের অধ্যক্ষা, ভূমি প্রশাসন বোর্ডের সচিব ও সদস্য এবং জয়পুরহাট ডেপুটি কমিশনারের বিরুদ্ধে দায়েরকৃত একটি রীট মোকদ্দমায় কলেজের সীমানা দেয়াল নির্মাণ করা থেকে তাদের কেন বিরত রাখা হবে না এই মর্মে রুল প্রদান করেন।

মোকদ্দমা দায়েরকারী মৃগাঙ্ক শেখর নন্দি ২২শে জানুয়ারী মোকদ্দমায় অভিযোগ করে বলেন যে ১৯৭৩ সালে জয়পুরহাট মহিলা কলেজ যে ভূমিতে স্থাপিত সেটি শত্রু সম্পত্তি তালিকাভুক্ত করার চেষ্টা চলে। আপত্তি দায়ের করলে সম্পত্তিটি শত্রু সম্পত্তি তালিকা থেকে অবমুক্ত করা হয়। ১৯৭৯ সালে সম্পত্তিটি শত্রু সম্পত্তি বলে নোটিশ জারি করা হয়। সম্পত্তিটি বিনিময় করা হয়েছে এরূপ দাবীও ওঠে। আবেদনকারী দেওয়ানী আদালতে মোকদ্দমা করেন এবং রংপুর হাইকোর্টে আপীল পর্যায়ে তা বিচারাধীন রয়েছে।

রীট মোকদ্দমায় অভিযোগ করা হয়, জয়পুরহাট জেলা প্রশাসক সম্পত্তিটি শত্রু সম্পত্তি ঘোষণা করে মহিলা কলেজকে তিন বছরের জন্য লীজ প্রদান করেন এবং মহিলা কলেজ সীমানা দেয়াল তৈরির উদ্দেশ্যে দরপত্র আহ্বান করেন।

আবেদনকারীর পক্ষে বলা হয় যে প্রেসিডেন্টের ঘোষণাক্রমে '৮৪ সালের ৬ই আগস্ট তারিখের পর কোন সম্পত্তি শত্রু সম্পত্তিরূপে ঘোষণা করা যায় না এবং কলেজকে তিন বছরের জন্য লীজ প্রদান করা বিধি বহির্ভূত একটি কর্ম।

আবেদনকারীর পক্ষে এডভোকেট এস. এস. হালদার এবং সাহায্যকারী এডভোকেট রমেশচন্দ্র মৈত্র মামলা পরিচালনা করেন।